

# ঢাবির নতুন উপাচার্য হচ্ছেন নিয়াজ আহমেদ খান

অনলাইন ডেক্স

২৬ আগস্ট ২০২৪, ০৫:৪৯ পিএম



চাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পাচ্ছেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক নিয়াজ আহমেদ খান। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এ বিষয়ে সম্মতি দিয়েছেন বলে জানা গেছে।

বর্তমানে বেসরকারি ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের (আইইউবি) উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক নিয়াজ আহমেদ খান।

অধ্যাপক নিয়াজ আহমেদ খান ইউনিভার্সিটি অব অক্সফোর্ড, ইউনিভার্সিটি অব ওয়েলস সোয়ানসি, এশিয়ান ইনসিটিউট অব টেকনোলজিতে উচ্চ শিক্ষাগ্রহণ ও গবেষণা করেছেন। তিনি দীর্ঘদিন ধরে বাংলাদেশ, থাইল্যান্ড ও যুক্তরাজ্যে অ্যাকাডেমিক ও কার্যকরি ডেভেলপমেন্ট ম্যানেজমেন্টের উন্নয়নে অবদান রেখে চলেছেন।

ঢাবি উপাচার্য হিসেবে ড. এ এস এম মাকসুদ কামালের স্থলাভিষিক্ত হচ্ছেন নিয়াজ আহমেদ খান। ২০২৩ সালের ১৫ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ২৯তম উপাচার্য হিসেবে নিয়োগ পান অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। শেখ হাসিনার

পদত্যাগের পর তিনি পদত্যাগ করেন।